



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে জীবনানন্দ দাশ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৩ সেপ্টেম্বর ২০২২।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে জীবনানন্দ দাশ শীর্ষক সেমিনার। ১৩ সেপ্টেম্বর ২০২২ তারিখ দুপুর ১২ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে 'জীবন যন্ত্রনায় জীবনানন্দ' শীর্ষক এ সেমিনারটি অনুষ্ঠিত হয়। বাংলা বিভাগ আয়োজিত এ সেমিনারে প্রধান অতিথি ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় উপাচার্য মহোদয় বলেন, জীবনানন্দ দাশ তাঁর রচিত সাহিত্য কর্মের মাধ্যমে বাংলার সাহিত্য ভাণ্ডারকে সমৃদ্ধ করেছেন। সামাজিক প্রেক্ষাপটে জীবনানন্দ দাশের সাহিত্যিকর্ম অত্যন্ত প্রাসঙ্গিক। যার দরুন এই দীর্ঘ সময় পরে হলেও বর্তমান সামাজিক প্রেক্ষাপটে তাঁর সাহিত্যের সুদূর প্রসারী প্রভাব পরিলক্ষিত। তিনি তাঁর এই অমূল্য সাহিত্যিকর্মের মাধ্যমে অনন্তকাল বেঁচে থাকবেন কোটি বাঙালীর হৃদয়ে। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া এবং কলা ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ভারতের পশ্চিমবঙ্গের জলপাইগুড়ির পরিমল মিত্র স্মৃতি মহাবিদ্যালয়ের সহযোগী অধ্যাপক ড. পঙ্কজ কুমার সরকার। বাংলা বিভাগের সভাপতি উনোষ রায়ের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের শিক্ষকমন্ডলী, শিক্ষার্থীবৃন্দসহ অন্যান্য বিভাগের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। সেমিনারে বক্তরা জীবনানন্দ দাশের সাহিত্যের নানান দিক নিয়ে আলোচনা করেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বাংলা বিভাগের শিক্ষার্থী শাহাজাদী।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়